



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মূখপত্র/২০১১/১১৪৫

তারিখঃ ২৪/১১/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২৪ নভেম্বর ২০১৩ (রবিবার) সকাল ১১:৩০ মিঃ শেরে বাংলা নগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফলক উন্মোচন করেন। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। বিএসইসি ভবনের ভিত্তি প্রস্তরের ফলক উন্মোচন অনুষ্ঠানে সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপদেষ্টাবৃন্দ, উচ্চ পদস্থ সরকারী কর্মকর্তাগণহ বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থার প্রতিনিধিগণ, স্টক এক্সচেঞ্জের পরিচালক ও কর্মকর্তাবৃন্দ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিগণ, চেয়ার নেতৃবৃন্দ পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যানসহ কমিশনারগণ এবং সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বিএসইসি ভবনটি নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পটি (DPP) গত ২৯ অক্টোবর ২০১৩ তারিখে সরকার কর্তৃক অনুমোদিত হয়। নির্মিতব্য বিএসইসি ভবনটি একটি বেজমেন্টসহ ১০ তলা বিশিষ্ট। সর্বমোট ৮৯,২৫০ বর্গফুট আয়তনের বিএসইসি ভবনে অন্যান্যের মধ্যে আন্তর্জাতিক মানের একটি সম্মেলন কক্ষ, সার্ভেইল্যান্স কক্ষ, এনফোর্সমেন্ট ও বিশেষ ট্রাইবুনালের বিচারীক কার্য পরিচালনার নিমিত্ত এজলাস, অত্যাধুনিক লাইব্রেরী, কেন্দ্রীয় শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, ডে-কেয়ার সেন্টার, অত্যাধুনিক লিফ্ট ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। প্রস্তাবিত ভবন নির্মাণ প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারী ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত। বিএসইসির নিজস্ব তহবিলে নির্মিতব্য প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৪৩.৮৬ কোটি টাকা। প্রকল্প বাস্তবায়ন ও সার্বিক তত্ত্বাবধানের দায়িত্বে রয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও গণপূর্ত অধিদপ্তর। উল্লেখ্য নির্মিতব্য নতুন বিএসইসি ভবনের ঠিকানা ই-৬/সি, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।


মোঃ সাহিফুর রহমান
নির্বাহী পরিচালক ও মূখপাত্র